# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৫৩) কুরআন থেকে আল্লাহর সুন্দর সুন্দর কতিপয় নামের উদাহরণ দিন?

উত্তরঃ কুরআন মজীদে আল্লাহর অনেক গুণ বাচক নাম উল্লেখিত হয়েছে। নিম্নে কতিপয় উদাহরণ পেশ করা হল। যেমন আল্লাহ্ তাআলা বলেনঃ

إِنَّ اللَّهَ كَانَ عَلِيًّا كَبِيرًا

“আল্লাহ তা’আলা علي ـ আলী (সমুন্নত), এবং كَبِير কাবীর (মহীয়ান)”। (সূরা নিসাঃ ৩৪) আল্লাহ্ তাআলা বলেনঃ

إِنَّ اللَّهَ كَانَ لَطِيفًا خَبِيرًا

“নিশ্চয়ই আল্লাহ لَطِيف লতীফ (সুক্ষ্মদর্শী) এবং خَبِير খাবীর (সর্ব বিষয় অবহিত)”। (সূরা আহযাবঃ ৩৪) আল্লাহ্ তাআলা বলেনঃ

إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا قَدِيْرًا

“নিশ্চয়ই আল্লাহ عليم (মহাজ্ঞাণী قَدِيْر ( (সর্বশক্তিমান)” (সূরা ফাতিরঃ ৪৪) আল্লাহ তা’আলা বলেনঃ

إِنَّ اللَّهَ كَانَ سَمِيعًا بَصِيرًا

“নিশ্চয়ই আল্লাহ سميع (শ্রবণকারী) ও بصير (দর্শনকারী)”। (সূরা নিসাঃ ৫৮) আল্লাহ তা’আলা বলেনঃ

إِنَّ اللَّهَ كَانَ عَزِيزًا حَكِيمًا

“(নিশ্চয়ই আল্লাহ عَزِيز (মহাপরাক্রমশালী) ও حَكِيم(প্রজ্ঞাময়)”। (সূরা নিসাঃ ৫৬) আল্লাহ তা’আলা বলেনঃ

إِنَّ اللَّهَ كَانَ غَفُورًا رَحِيمًا

“নিশ্চয়ই আল্লাহ غَفُور (ক্ষমাশীল) ও رَحِيم (দয়াময়)” (সূরা নিসাঃ ২৩) আল্লাহ তা’আলা বলেনঃ

إِنَّهُ بِهِمْ رَءُوفٌ رَحِيمٌ

“নিশ্চয়ই তিনি رَءُوف (দয়াশীল) ও رَحِيم (দয়াময়)”। (সূরা তাওবাঃ ১১৭) আল্লাহ তা’আলা বলেনঃ

وَاللَّهُ غَنِيٌّ حَلِيمٌ

“আর আল্লাহ غَنِيّ (সম্পদশালী) ও حَلِيْم (সহিষ্ণু)” (সূরা বাকারাঃ ২৬৩) আল্লাহ্ তা’আলা বলেনঃ

إِنَّهُ حَمِيدٌ مَجِيدٌ

“নিশ্চয়ই তিনি প্রশংসার যোগ্য حَمِيد ও مَجِيدٌ (মহামহিমান্বিত)”। (সূরা হুদঃ ৭৩) আল্লাহ্ তা’আলা বলেনঃ

اللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

“আর আল্লাহ সর্ব বিষয়ে قَدِيرٌ (শক্তিমান) আল্লাহ্ তা’আলা বলেনঃ

إِنَّ رَبِّي قَرِيبٌ مُجِيبٌ

“নিশ্চয়ই আমার প্রভু قَرِيب (একান্ত নিকটবর্তী) مُجِيب (ডাকে সাড়া দানকারী)”। (সূরা হুদঃ ৬১) আল্লাহ্ তা’আলা বলেনঃ

إِنَّ اللَّهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا

“নিশ্চয়ই আল্লাহ তোমাদের উপর رَقِيب (তত্ত্বাবধানকারী)”। (সূরা নিসাঃ ১) আল্লাহ্ তা’আলা বলেনঃ

وَكَفَى بِاللَّهِ وَكِيلاً

“আর وكيلً (কার্য সম্পাদনকারী) হিসাবে আল্লাহই যথেষ্ট”। (সূরা নিসাঃ ৮১) আল্লাহ্ তা’আলা বলেনঃ

وَكَفَى بِاللَّهِ حَسِيبًا

“এবং আল্লাহই حَسِيب (হিসাব গ্রহণকারী) হিসাবে যথেষ্ট”। (সূরা নিসাঃ ৬) আল্লাহ্ তা’আলা বলেনঃ

وَكَانَ اللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ مُقِيتًا

“বস্ততঃ আল্লাহ্ সর্ব বিষয়ে مُقِيت (ক্ষমতাশীল)”। (সূরা নিসাঃ ৮৫) আল্লাহ্ তা’আলা বলেনঃ

أَنَّهُ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ

“তোমার প্রতিপালক সর্ব বিষয়ে شَهِيْد (সাক্ষী)”। (সূরা হামীম সাজদাহঃ ৫৩) আল্লাহ্ তা’আলা বলেনঃ

إِنَّهُ بِكُلِّ شَيْءٍ مُحِيطٌ

“নিশ্চয়ই আল্লাহ্ সর্ব বিষয়ের مُحِيط (পরিবেষ্টনকারী)”। (সূরা ফুস্সিলাতঃ ৫৪) আল্লাহ্ তা’আলা বলেনঃ

اللَّهُ لاَ إِلَهَ إِلاَّ هُوَ الْحَيُّ الْقَيُّومُ

“আল্লাহ ব্যতীত অন্য কোন সত্য إله (উপাস্য) নেই। তিনি حَيُّ (চিরজীবন্ত) ও قَيُّوم (সব কিছুর ধারক)। (সূরা বাকারাঃ ২৫৫) আল্লাহ তা’আলা বলেনঃ

هُوَ الأَوَّلُ وَالآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ

“তিনিই الأَوَّلُ (প্রথম)। তিনিই الآخِرُ (সর্বশেষ) তিনিই الظَّاهِرُ (প্রকাশমান) তিনিই الْبَاطِنُ (অপ্রকাশমান)। আর তিনি সর্ব বিষয়ে عَلِيم (মহাজ্ঞাণী)”। (সূরা হাদীদঃ ৩) আল্লাহ্ তা’আলা বলেনঃ

هُوَ اللَّهُ الَّذِي لاَ إِلَهَ إِلاَّ هُوَ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ هُوَ الرَّحْمَنُ الرَّحِيمُ * هُوَ اللَّهُ الَّذِي لاَ إِلَهَ إِلاَّ هُوَ الْمَلِكُ الْقُدُّوسُ السَّلاَمُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ سُبْحَانَ اللَّهِ عَمَّا يُشْرِكُونَ * هُوَ اللَّهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الأَسْمَاءُ الْحُسْنَى وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ

“তিনিই আল্লাহ, তিনি ব্যতীত কোন সত্য মাবুদ নেই। তিনি عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ (অদৃশ্য ও দৃশ্য সব কিছু

সম্পর্কে অবগত), তিনি رحْمَنُ (পরম করুনাময়) رَحِيمُ ও (অসীম দয়ালু)। "তিনিই আল্লাহ, তিনি ব্যতীত কোন সত্য মাবুদ নেই। তিনি مَلِك (মালিক), قُدُّوس (অতি পবিত্র) سَلَام (পরিপূর্ণ শান্তিদাতা) مؤْمِن (নিরাপত্তা দানকারী), مُهَيْمن (রক্ষক), عَزِيز (মহাপরাক্রমশালী), جَبَّار (প্রতাপশীল), مُتَكَبِّر (অতী মহিমান্বিত)। তারা যাকে শরীক সাব্যস্ত করে আল্লাহ তা'আলা তা থেকে পবিত্র। তিনিই আল্লাহ, خَالِق (সৃষ্টিকারী), بَارِي (উদ্ভাবক), مُصَوِّر (রূপদাতা), সকল উত্তম নাম তাঁরই। আর তিনি عَزِيز (মহাপরাক্রমশালী) ও حَكِيم (প্রজ্ঞাময়)"। (সূরা হাশরঃ ২২-২৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11867

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন